



প্রিয় সহকর্মী,

আপনাদের সকলের প্রতি সালাম ও শুভেচ্ছা রইলো। আজ ২৭ আগস্ট ২০১৯, রূপালী ব্যাংক লিমিটেড-এ আমার শেষ কর্মদিবস। দীর্ঘ ৩ বছর আপনাদের সাথে কাজ করার আমার সুযোগ হয়েছে। এই দীর্ঘ সময়ে আপনারা যে আন্তরিকতা দিয়ে আমার প্রতিটি কাজে সমর্থন দিয়েছেন, ব্যাংকটিকে একটি ভালো জায়গায় নিয়ে যেতে সাহায্য করেছেন তার জন্য আমি আপনাদের সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। রূপালী ব্যাংকের যত ভাল কাজ হয়েছে এর সবকিছুর কৃতিত্ব আপনাদের - না পারা কাজগুলোর ব্যর্থতা একান্তই আমার। আমার ব্যক্তিগত আচরণে কেউ দুঃখ পেয়ে থাকলে ক্ষমা করবেন।

রূপালী ব্যাংকের পরিচালনা পর্ষদসহ সকল কর্মকর্তা, কর্মচারী, গ্রাহক ও শুভানুধ্যায়ীদের জন্য শুভ কামনা। আমার জন্য দোয়া করবেন।

শ্রদ্ধান্তে

মোঃ আতাউর রহমান প্রধান
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও
রূপালী ব্যাংক লিমিটেড